আদীনা কারাসিকের কবিতা

(ভাবানুবাদঃ অরিত্র সান্যাল)

The Empress Has No Closure কাব্য গ্রন্থ থেকে (অংশ)

যেহেতু নৈঃশব্দ মানে স্পেস আমার পংক্ততিগুলো দোলে আমি হাঁটি

তোমার সঙ্গে

এখানে আগে

আমি

আমার ঘরে

ছিলাম তুমি,

তুমি কি

গম্বুজের ভেতর

দেখেছ? তুমি কি

এখানে লুকিয়েছ

এই ঘরে। ওপরে

তুমি কি –

কখনও তুমি

কি

ভয় পেয়েছিলে?

ঝুঁকি দুর্দান্ত কৌশলের একটা খেলা। একবার যদি নিয়মগুলো জানা যায়, তাহলে এ খেলা শক্ত নয়, কিন্তু তাতে কিছু বিচিত্র বৈশিষ্ট্য আছে বেশিরভাগ খেলোয়াড়ই যেগুলো জানেন না

- ক) ঝুঁকির নিয়মাবলী
- খ) খেলার খুঁটিনাটি

প্রথমেই আপনার জিজ্ঞেস করে নেওয়া দরকারঃ কোন ভাষা/ যুক্তির খেলায় আমি আছি?

Bind Me (Salome কাব্যগ্রন্থ থেকে)

যখন কাটা দেওয়া মানে বেঁধে ফেলা, আমাকে নাও যেই তুমি আসো আমার এই ঘরের বিশ্বাসে, এই অভিধানের আড়াআড়ি রাখা সে বিছানায়

বাঁধো আমায় আমাদের ভয়ার্ত উজ্জ্বলতায়

বাঁধো আমায় তোমার মণিবন্ধে বাহু ডোরে, আঙুলে

বাঁধো আমায় চামড়ার স্ট্র্যাপে তোমার প্রাচীন ঐতিহ্যের আচারে রীতিতে

বাঁধো আমায় তোমার কাব্যে কথায় ঝোড়ো পাগলামিতে ভ্রষ্টতায়, অন্ধগলিতে

বাঁধো আমায়
তর্কে, আকাশবাণীতে,
যখন আমি আমূল শৃঙ্গারে ঘেরা আর
উন্মাদনার সূত্রে বাঁধা
তোমার এক স্বাদ পাই

বাঁধো আমায় তোমার দরজার কাছে, বেডপোস্টে একটা পুজোর জটিলতায় আমার মৃত্যুতে আমি তোমার স্বাদ পাই

Rules to Text By or Rules of Textual Engagement (Amuse Bouche থেকে অংশ)

একটা টেক্সটের দিকে প্রথমে তাকানো বড় মনমড়া এক ব্যাপার।
টেক্সট তোমার দিকে তাকাতে দাও।
টেক্সট একটু ভাবুক তোমায় ধরা সম্ভব নয়,
যেন জীবনে তোমার অভাব নেই, তুমি তাকে না পড়েই দিব্যি রয়ে গিয়েছ।
সে টেক্সটকে ছাড়া বেঁচে থাকতে তোমার ন্যুনতম কোনও অসুবিধে হচ্ছে না।
তুমি কোনও ফাঁকা তরী নও যে টেক্সট তোমায় ভরে দেবে –
খানিক মস্তি দেবে, আলোকিত করবে বা যাত্রা পার করে দেবে।

তুমি জ্যান্ত, উৎসুক, সমাজ- রাজনৈতিক শিল্পোত্তর, ভোগবাদ বিরোধী নন্দনতত্ত্বে সম্পূর্ণ ডুবে আছ। তুমি সামাজিক ভাবে নির্মিত হাজার ব্যক্তিত্বের একটা স্তৃপ প্রভাব ও মিশ্রণের সরণময় কুঠারগুলির সঙ্গে সমান্তরাল ও ক্রমবর্ধমান

ভাষাবিন্যাসের বাদা জলা দিয়ে তোমার একে ভেদ করার কোনও দরকারই নেই

তাই, একটা টেক্সটকে বড় জলদি বড় কিছু হয়ে ওঠা থেকে ঠেকাতে প্রথম এক দু মাস অন্তত একে হপ্তায় একবার বা দুবারের বেশি পড়ো না। টেক্সট বরং ভাবুক তোমার অন্যান্য কাজ আছে, অন্য কিছু পড়ার, অন্য কিছু ভাবার। টেক্সট জানুক তোমার জীবনে সে একমাত্র টেক্সট বা আগ্রহের বিষয় নয়।

(অংশ)

কারণ টেক্সট কিন্তু বিপজ্জনক হয়ে উঠতে পারে। অবাঞ্ছিত অ- সুখে ভরা, স্থালনে। টেক্সটোস্টোরন নিঃসৃত করতে পারে, আর হতে পারে অত্যন্ত যাচ্ছেতাই স্বৈরিণী

অবাক হয়ো না যদি টেক্সট চিল্লীয়ে ডেকে ওঠে তোমায় তোমার ঘুমে, খোয়াবের ভিতর – যদি তোমায় পরের সকালে ডাকে বা তুমি যখন অন্য টেক্সট পড়ছ বা গা ঘামাচ্ছ অন্য ডিসকোর্সে